স্টাফ রিপোর্টার: নির্দলীয় নিরপেক্ষ সরকার ব্যবস্থা, খালেদা জিয়ার মুক্তি, সংসদ ভেঙে দেওয়া ও নির্বাচন কমিশনের পুনর্গঠন ছাড়া নির্বাচন করার যে উদ্যোগ তারা নিচ্ছেন, এখানেও সরকার ব্যর্থ হবে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী। গতকাল শনিবার বেলা সাড়ে ১১টায় নয়াপল্টনে দলীয় কার্যালয়ে সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। রিজভী বলেন, ট্রেনে পথে নির্বাচনী প্রচারণায় জনগণের ধাক্কা খেয়েছে। জনগণ বিরক্ত হয়েছে। ওখান থেকে ব্যর্থ হয়ে এখন সড়ক পথে যাচ্ছে। সড়কপথেও ব্যর্থ হবে। যেমন দেশে চালাতে, আইন-শৃঙ্খলা পরিস্থিতিতে ব্যর্থ হয়েছে। ঠিক এগুলো প্রত্যেকটা কাজেই ব্যর্থ হবে। নির্দলীয় নিরপেক্ষ সরকার ব্যবস্থা ছাড়া, খালেদা জিয়ার মুক্তি ছাড়া, সংসদ ভাঙা ও নির্বাচন কমিশনের পুনর্গঠন ছাড়া নির্বাচন করার যে উদ্যোগ নিচ্ছেন এখানেও ব্যর্থ হবেন। রিজভী অভিযোগ করেন, এক্ষুণি আগস্ট গ্রেনেডে হামলার মামলায় তারেক রহমানকে ফাঁসানোর জন্য নিজেদের দলের লোক, যিনি অবসরে গেছেন তাকে ডেকে প্রমোশনের পর প্রমোশন দিয়ে তারেক রহমানের নাম সেখানে যোগ করা হয়েছে। এক এগারো সরকার তদন্ত করে তারেক রহমানের নাম পায়নি। অথচ আওয়ামী লীগ ২০০৯ সালে ক্ষমতায় এসে নজিরবিহীনভাবে পেছন্দের তদন্তকারী কর্মকর্তা কাহার আখন্দকে অবসর থেকে ডেকে এই মামলার পুনঃতদন্তের ভার দেয়। সে বিচারকের কাছ থেকে মামলাটি ফিরেত এনে পুনঃতদন্তের নামে তারেক রহমানকে মামলায় জড়িয়ে ষড়যন্ত্রের যাত্রা শুরু করে। তিনি বলেন, আজ জনগণের মধ্যে নানা প্রশ্ন দেখা দিয়েছে ২১ আগস্টের বোমা হামলার আইনি প্রক্রিয়া নিয়ে। আদালত দিয়ে প্রতিশোধ গ্রহণের রমরমা রাজনৈতিক সফলতায় ক্ষমতাসীনরা উল্লসিত। এই সরকারের গাইডলাইন অনুযায়ী ২১ আগস্ট মামলার বিচারিক কার্যক্রম চলছে কিনা তা নিয়ে জনগণের মনে বড় ধরনের সন্দেহ সৃষ্টি হয়েছে। আগামী ১০ অক্টোবর ২১ আগস্ট গ্রেনেডে হামলার মামলায় রায় ঘোষণা করা হবে। কারাবন্দি খালেদা জিয়াকে বিশেষায়িত হাসপাতালে নেওয়ার দাবি আবারো জানিয়ে রিজভী বলেন, দেশেনেত্রী হাত-পায়ের ব্যথা আরো তীব্র হয়েছে। শারীরিক অসুস্থতাকে আরো অবনতির দিকে ঠেলে দিতেই তাকে ইচ্ছাকৃতভাবে চিকিৎসা দেওয়া হচ্ছে না। অসুস্থতা লাঘবের জন্য বেগম খালেদা জিয়ার আস্থা হাসপাতাল ও তার ব্যক্তিগত চিকিৎসকদের উপেক্ষা করা হচ্ছে। খালেদার রোগ নির্ণয়ের জন্য প্রয়োজনীয় 'প্রেস্থসিপি কমপিউটেবিল এমআরআই মেশিন' বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেলে ইউনিভার্সিটিতে (বিএসএমএমইউ) নেই দাবি করে তিনি বলেন, ইউনাইটেড হাসপাতাল অথবা অন্য বিশেষায়িত হাসপাতালে এটা রয়েছে, বিএসএমএমইউতে নেই। ... সুতরাং দেশনেত্রীর যথাযথ চিকিৎসার জন্য বিশেষায়িত হাসপাতালের দাবি কী অন্যায্য? এবিষয়ে রাষ্ট্রপতি ও স্বরাষ্ট্র মন্ত্রীর বিদেশে গিয়ে চিকিৎসা নেওয়ার ঘটনা তুলে ধরে রিজভী বলেন, সেখানে যদি এত ইকুইপড হয় তাহলে তারা কেন বিএসএমএমইউতে চিকিৎসা নিচ্ছেন না, বিদেশে যাচ্ছেন কেন? তিনি বলেন, খালেদা জিয়ার ওপর জুলুম ও অত্যাচারে সরকার রীতিমতো উৎফুল্ল বোধ করছে। সরকার প্রধানের এক ধরনের অহংবোধ চরিতার্থ করতে খালেদা জিয়ার চিকিৎসায় বাধা দেওয়া হচ্ছে। মানুষ হিসেবে খালেদা জিয়াকে মৌলিক মানবাধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে। সংবাদ সম্মেলনে অন্যান্য ঘরে মধ্যে বিএনপির ভাইস চেয়ারম্যান ডা. এজেড এম জাহিদ হোসেন, প্রকাশনা বিষয়ক সম্পাদক হাবিবুল ইসলাম হাবিব, সহ-সাংগঠনিক সম্পাদক আবদুস সালাম আজাদ, সহ-দফতর সম্পাদক মুনির হোসেন, নির্বাহী সদস্য আমিনুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।